5

তারিখ 27 JUL 1996
পৃষ্ঠা 2 কলাম ৩

দৈনিক সংবাদ

## কুদরত-ই-খুদা শিক্ষা কমিশনের আলোকে বাকবিশিস-এর কর্মশালা ৩০শে আগস্ট

গতকাল অনুষ্ঠিত বাংলাদেশ কলেজ-বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি (বাকবিশিস)-এর স্টিয়ারিং কমিটির সভায় ডঃ কুদরত-ই-খুদা শিক্ষা কমিশন-এর আলোকে যুগোপযোগী শিক্ষানীতি প্রণয়ন করার সিদ্ধান্ত ঘোষিত হওয়ায় সরকারকে অভিনন্দন জানানো হয়। এই ধারায় বিশ্বাসী বাংলাদেশ কলেজ-বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতিসহ অন্য শিক্ষক সংগঠনসমূহের প্রতিনিধি নিয়ে শিক্ষানীতি প্রণয়ন কমিটি গঠনের আহ্বান জানানো হয়।

বাকবিশিস-এর উদ্যোগে ডঃ কুদরত-ই-খুদা শিক্ষা কমিশন-এর আলোকে আগামী ৩০শে আগস্ট তারিখে একটি কর্মশালা অনুষ্ঠিত হবে। সভায় সরকার কর্তৃক পে-কমিশন ঘোষণায় বাকবিশিস-এর পক্ষ থেকে সরকারকে অভিনন্দন জানানো হয়। উক্ত পে-কমিশনের সুপারিশমালা যাতে বেসরকারি শিক্ষক-কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য হয় এবং তার ব্যবস্থা করার জন্য সরকারের প্রতি জোর দাবি জানানো হয়।

ডঃ আখতারুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় আলোচনা করেন বাকবিশিস-এর সহ-সভাপতি অধ্যাপক ডঃ রঙ্গলাল সেন, সাধারণ সম্পাদক অধ্যক্ষ মোঃ শাহজাহান, অধ্যাপিকা হুসনে আরা, অধ্যাপক সিরাজুল হক আলো, অধ্যাপক নজরুল মজিদ বেলাল, অধ্যাপক আবদুল বারী, অধ্যাপক আবু বকর চৌধুরী, অধ্যক্ষ আতাউর রহমান, অধ্যাপক আবদুল হান্নান খান; অধ্যাপক সৈয়দ ফজলুর রহমান, অধ্যাপক আশ্রাফুল আলম, অধ্যাপিকা নুরজাহান বেগম, অধ্যাপক মিজানুল ইসলাম প্রমুখ। খবর সংবাদ বিজ্ঞপ্তির।